গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০২৩.১৯ ২২০

তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ ১৪২৬ / ১০ জুন ২০১৯

বিষয়ঃ "জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (গোপালগঞ্জ জোন)" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত পিএসসি সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

গত ২৯ মে ২০১৯ তারিখে "জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (গোপালগঞ্জ জোন)" শীর্ষক প্রকল্পের উপর ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

১০/৬/১৯

(মোঃ সামীমুজ্জামান)
উপপ্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: shamimrafi1968@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-ই-বাংলা নগর, ঢাকা
৩। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা, ঢাকা
৪। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা
৫। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৯। প্রকল্প পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গোপালগঞ্জ জোন)
১০। উপপ্রধান (কার্যঃ ও এডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

প্রকল্পের প্রয়োজনে আমন্ত্রিত কর্মকর্তাগণ:

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর সড়ক সার্কেল, ফরিদপুর
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৩। নির্বাহী প্রকৌশলী, সওজ, রাজবাড়ী
৪। নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা বিভাগ-১, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'লঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

কার্যক্রম ও এডিপি শাখা

"জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (গোপালগঞ্জ জোন)" শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	২৯ মে ২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ১১.৩০ ঘটিকা
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ
উপস্থিতি	...

২. উপস্থাপনাঃ

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, গোপালগঞ্জ জোনের ১৩৮.৯৪৮ কিলোমিটার জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের নিমিত্ত প্রকল্পটি ৪৮৮.৮১ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ হতে জুন ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি, বাস্তবায়নের সমস্যা এবং এ সমাধানের উপায় নিয়ে অদ্যকার সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ সওজ অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, চলতি অর্থবছরে এ প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ রয়েছে ৭০.০০ কোটি টাকা। এপ্রিল ২০১৯ পর্যন্ত কোন টাকাই ব্যয় করা হয়নি। আর্থিক অগ্রগতি না থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। কাজের গতি তরান্বিত করে আর্থিক অগ্রগতি বৃদ্ধির জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, আরএডিপি বরাদ্দের মধ্যে প্রায় ২০.০০ কোটি টাকা ব্যয় করা সম্ভব হবে না। উক্ত টাকা উপযোজনের মাধ্যমে অন্য প্রকল্পে দেয়ার জন্য অনুরোধ করেন। প্রকল্পের আওতায় ১৭টি প্যাকেজ রয়েছে। যে সকল প্যাকেজের কার্যাদেশ দেয়া হয়েছে তা দ্রুত সম্পন্ন করা এবং যে সকল প্যাকেজের কাজ এখনও শুরু হয়নি তা দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কার্যাদেশ প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে নতুন প্যাকেজ অন্তর্ভুক্ত না করে প্যাকেজ পুনঃবিন্যাসের জন্য সংস্থাকে পরামর্শ দেয়া হয়।

৩.২ প্রকল্পটি বাস্তবায়নে কোন সমস্যা আছে কিনা জানতে চাইলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০১৫ এর রেট সিডিউল ধরে ডিপিপি প্রণয়ন করা হয়েছিল। কোন কোন ক্ষেত্রে ২০১৮ রেট সিডিউল ধরে টেন্ডার আহবান করা হয়েছে। সেক্ষেত্রে ব্যয় বৃদ্ধি পেয়েছে বলে ডিপিপি সংশোধন প্রয়োজন।

৩.৩ প্রকল্পের মূল ডিপিপিতে ১৭টি ইন্টার সেকশন রয়েছে। এগুলোর ক্ষেত্রে প্রতিটির জন্য প্রায় ৫০.০০ লক্ষ টাকা ধরে ডিপিপি প্রণয়ন করা হয়েছে। কিন্তু বর্তমানে রোড সেফটি ডিজাইন অনুযায়ী ব্যয় প্রাক্কলন করা হয়েছে। এক্ষেত্রে উক্ত অংশে প্রায় ১৫.০০ কোটি টাকা বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

৩.৪ তাছাড়া, ডিপিপি প্রণয়নকালে বিদ্যমান ৩.৭১ মিটার সড়ককে ৫.৫০ মিটার প্রশস্ততায় উন্নীতকরণের জন্য ডিপিপি প্রণয়ন করা হয়। কিন্তু বাস্তবে সড়কের বিদ্যমান প্রশস্ততা রয়েছে গড়ে ৩.৪০ মিটার। এক্ষেত্রে সড়কটি ৩.৪০ মিটার থেকে ৫.৫০ মিটার প্রশস্ততায় উন্নীতকরণের জন্য ব্যয় বৃদ্ধি পাবে। ডিপিপি প্রণয়নকালে সরেজমিনে পরিদর্শন ব্যতিরেকেই ডিপিপি প্রণয়ন করা হয়েছে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এরকম ভাবে ডিপিপি প্রণয়ন এবং ব্যয় প্রাক্কলন নির্ধারনের জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং ভবিষ্যতে এ জাতীয় ত্রুটিপূর্ণ ডিপিপি প্রণয়ন করা হলে সংস্থার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সভায় একমত পোষণ করা হয়। এ জাতীয় বিভিন্ন ত্রুটিপূর্ণ কাজ এবং ডিপিপি প্রণয়নের জন্য সংস্থা প্রধান হিসেবে প্রধান প্রকৌশলীকে দায়িত্ব নিতে হবে এবং

দায়িত্বে অবহেলার জন্য সংস্থা প্রধান হিসেবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। সড়ক প্রশস্ততার বিষয়টি প্রয়োজন আছে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। তবে এ বিভাগের পরিকল্পনা উইং/সংশ্লিষ্ট মনিটরিং টিম সরেজমিনে পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন দেয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রতিবেদন প্রাপ্তির পরে ডিপিপিতে বিষয়টি অন্তর্ভুক্ত হবে এবং তা ডিপিপিতে পরিশিষ্ট আকারে সন্নিবেশ করার জন্য পরামর্শ দেয়া হয়।

৩.৫ প্রকল্পের আওতায় যতগুলো সড়ক রয়েছে প্রতিটি সড়কে পর্যাপ্ত সাইন-সিগন্যাল ও তার ব্যয় পরিশিষ্ট আকারে সংশোধিত ডিপিপিতে সন্নিবেশ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এক্ষেত্রে ব্যয় বৃদ্ধি পেলে প্রয়োজনীয় বরাদ্দ ডিপিপিতে রাখার জন্যও পরামর্শ দেয়া হয়।

৪. সিদ্ধান্তঃ

৪.১ কাজের গতি তরান্বিত করে আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে;

৪.২ যে সকল প্যাকেজের কার্যাদেশ দেয়া হয়েছে তা দ্রুত সম্পন্ন করতে হবে এবং যে সকল প্যাকেজের কাজ এখনও শুরু হয়নি তা দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করতে হবে;

৪.৩ প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে নতুন প্যাকেজ অন্তর্ভুক্ত না করে প্যাকেজ পুনঃবিন্যাস করতে হবে;

৪.৪ বিভিন্ন ত্রুটিপূর্ণ কাজ এবং ডিপিপি প্রণয়নের জন্য সংস্থা প্রধান হিসেবে প্রধান প্রকৌশলীকে দায়িত্ব নিতে হবে এবং দায়িত্বে অবহেলার জন্য সংস্থা প্রধান হিসেবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

৪.৫ প্রাক্কলনে বিদ্যমান সড়কের প্রশস্ততা ৩.৭১ মিটার দেখানো হলেও বর্তমানে ৩.৪০ মিটার বিদ্যমান আছে। এ বিষয়টি সড়ক প্রশস্ততার বিষয়ে সংশ্লিষ্ট মনিটরিং টিম সরেজমিনে পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন প্রদান করবেন। প্রতিবেদন প্রাপ্তির পর এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪.৬ প্রকল্পের আওতায় যতগুলো সড়ক রয়েছে প্রতিটি সড়কে পর্যাপ্ত সাইন-সিগন্যাল স্থাপন করতে হবে এবং তার পরিমান ও ব্যয় পরিশিষ্ট আকারে সংশোধিত ডিপিপিতে সন্নিবেশ করতে হবে।

৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০২৩.১৯.-২২০

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬
৩০ মে ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, অর্থ বিভাগ
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর

৬) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৭) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর

৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, গোপালগঞ্জ জোন, গোপালগঞ্জ

৯) যুগ্ম প্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১০) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১১) উপ প্রধান, পরিকল্পনা ও কার্যক্রম, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

মোঃ সামীনুজ্জামান
উপপ্রধান